

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
প্রশাসন-৩ অধিশাখা  
[www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd)

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং কোম্পানিসমূহের সাথে অভিযোগ প্রতিকার ব্যবস্থা  
(জিআরএস) সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত অংশীজনের সভার কার্যবিবরণী।

সভাপতি	: ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার
তারিখ	: সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সময়	: ১৫ মার্চ, ২০২৩
স্থান/মাধ্যম	: বেলা ১১:৩০ মিনিট
উপস্থিত সদস্য	: ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম।
	: রেকর্ডেড।

#### সভার আলোচনা:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি বলেন জনপ্রশাসনে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বর্তমান সরকার বিভিন্ন সংস্কার কর্মসূচির অংশ হিসাবে দুর্নীতি ও অন্যান্য অনিয়ম সম্পর্কিত অভ্যন্তরীণ (Internal) ও বাহ্যিক (External) অভিযোগ কার্যকর ও দুটতার সাথে নিষ্পত্তির লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থা চালু করেছে। তিনি মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাগুলোতে অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে স্টেকহোল্ডারগণ তাদের মূল্যবান পরামর্শ দিয়ে ভূমিকা রাখতে পারে মর্মে অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে স্টেকহোল্ডারগণ তাদের উপস্থাপনের জন্য উপসচিব (প্রশাসন-৩)-কে আহবান করেন।

২। উপসচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন, সেবা গ্রহীতাদের অভিযোগ কার্যকর ও দুটতার সাথে নিষ্পত্তির লক্ষ্যে ইতোমধ্যে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থাভিত্তিক একজন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা তথা অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নির্ধারণ করা হয়েছে। সেবা প্রত্যাশী মানুষের দুর্নীতি ও অন্যান্য অনিয়ম সম্পর্কিত অভিযোগ প্রতিকার ও প্রতিরোধের নিমিত্ত প্রতিটি বিভাগ/দপ্তরে একটি অভ্যন্তরীণ কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠাকল্পে প্রতিমাসে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত বিষয়টি মাসিক সমন্বয় সভায় আলোচনা করা হয়। তাছাড়া, প্রতিমাসে ১০ তারিখের মধ্যে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন দপ্তরে প্রেরণ করা হয়।

৩। তিনি আরও বলেন, অভিযোগ প্রতিকার ব্যবস্থাকে প্রতিটি সরকারি দপ্তরের প্রশাসনিক দায়িত্বের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ জিআরএস চালু করে। সেবাপ্রত্যাশীদের নিকট থেকে প্রাপ্ত প্রতিটি অভিযোগ গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে প্রাপ্ত অভিযোগের আলোকে নির্ধারিত সময়সীমার মধ্যে কার্যক্রম গ্রহণ ও প্রতিকার করে তাদেরকে অবহিত করার নির্দেশনা রয়েছে। প্রতিটি অভিযোগ বিচ্ছিন্নভাবে প্রতিকারের তুলনায় অভিযোগের কারণ ও প্রকৃতি অনুসন্ধানপূর্বক তা স্থায়ীভাবে নিরসন এবং সেবা প্রদান ব্যবস্থার স্থায়ী সংস্কার সাধনের মাধ্যমে সেবাপ্রত্যাশী ও গণকর্মচারীদের অসন্তোষ দূর করার প্রতি অধিক গুরুত্ব প্রদান করতে হয়।

Madar

৪। সেবা প্রত্যাশী মানুষের দুর্নীতি ও অন্যান্য অনিয়ম সম্পর্কিত অভিযোগ প্রতিকার ও প্রতিরোধের বিষয়ে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং কোম্পানীর গৃহীত কার্যক্রম/প্রতিবন্ধকতা সম্পর্কে সভাকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ জানান।

০৫। উপসচিব (প্রশাসন-৩) সভাকে আরও অবহিত করেন এ বিভাগের আওতাধীন ৮টি সংস্থা এবং ২০টি কোম্পানির দুর্নীতি, অনিয়ম প্রতিরোধের জন্য এ সভার আয়োজন করা হয়েছে। এ বিভাগের অংশীজন মূলত আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ। ৮টি সংস্থা ও আওতাধীন কোম্পানিসমূহের সংশ্লিষ্ট কর্মকর্তা, সাংবাদিকবৃন্দ, পরিচালনা পর্ষদের পরিচালক ও সুধীজনকে আজকের এ সভায় আমন্ত্রণ জানানো হয়েছে। স্ব-স্ব দপ্তর/সংস্থা/কোম্পানির পক্ষে দপ্তর/সংস্থা/কোম্পানির প্রধান ও ফোকাল পয়েন্টগণ তাদের অভিমত ব্যক্ত করেন।

০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন আমরা যেসকল সেবা প্রদান করে থাকি তাহলে প্রাতিষ্ঠানিক/দাপ্তরিক সেবা, অভ্যন্তরীন সেবা এবং নাগরিক সেবা। প্রাতিষ্ঠানিক সেবা হচ্ছে আমাদের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন রকমের সেবা যা মন্ত্রণালয় হতে প্রদান করা হয়ে থাকে। আর নাগরিক সেবা যা সাধারণ নাগরিক আমাদের নিকট বা আমাদের আওতাধীন দপ্তর সংস্থার নিকট প্রাপ্তির লক্ষ্যে আবেদন করে থাকে। এ পর্যন্ত এ বিভাগ কোন প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট থেকে কোনরূপ অভিযোগ পায়নি। তার মানে এই নয় যে, সবকাজ যথাযথ ভাবে করা হচ্ছে। সম্ভবত: দপ্তর/সংস্থা/কোম্পানি বা সাধারণ নাগরিক জিআরএস সিস্টেমে যে অভিযোগ জানানো যায় তা জানে না। আমাদের কর্তব্য হবে সবাইকে জিআরএস সিস্টেম সম্পর্কে অবহিত করা, যাতে করে সমস্যাসমূহ চিহ্নিত করে তা যথাযথভাবে সমাধান করা যায়।

০৭। যুগ্মসচিব (প্রশাসন-২) সভাকে অবহিত করেন, সম্প্রতি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীন সড়ক ও জনপদ অধিদপ্তর পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে অংশীজনের সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করেছে। এ বিভাগ একই প্রক্রিয়ায় অংশীজনের সভা আয়োজন করতে পারে। এ বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা/কোম্পানির অনেক অফিস ঢাকার বাহিরে রয়েছে। চাইলে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভাটি ঢাকার বাহিরে সশরীরে উপস্থিত হয়েও করা যেতে পারে। বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কো: লি: এর ব্যবস্থাপনা পরিচালক বলেন আমরা যথাযথ প্রক্রিয়ায় অংশীজনের সভা আয়োজন করেছি। উক্ত সভায় সাংবাদিক, সুধীজন, সাধারণ মানুষসহ ভোক্তা ও সেবা গ্রহীতাগণ উপস্থিত ছিলেন।

০৮। বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কো: লি: এর ব্যবস্থাপনা পরিচালক আরও বলেন, আমরা মন্ত্রণালয়ের নিকট যে সকল সেবা চেয়ে থাকি তা যথাযথভাবে পাচ্ছি। আমরা আমাদের পক্ষ থেকে সেবাগ্রহীতাদের যে সকল সেবা দিয়ে থাকি তাও যথাযথভাবে দেয়ার চেষ্টা করছি। সম্প্রতি বকেয়া বিল যথাসময়ে প্রদান না করার কারণে যে সকল সংযোগ বিছিন্ন করা হচ্ছে তাদেরকে একটি করে নির্দেশিকা দেয়া হয় যাতে উল্লেখ থাকে কত দিনের মধ্যে বকেয়া বিল প্রদান না করা হলে সংযোগটি স্থায়ীভাবে বিছিন্ন করা হবে। কেননা অধিকাংশ গ্রাহকই জানেন না গ্যাস বিপণন নিয়মাবলী, ২০১৪ অনুসারে কত দিনের মধ্যে বকেয়া গ্যাস বিল প্রদান না করা হলে গ্যাস সংযোগ স্থায়ীভাবে বিছিন্ন করা হয়। তাছাড়া, আমরা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে ওয়ানস্টপ সার্টিস চালু করেছি। যাতে করে সেবা গ্রহীতাগণ এক জায়গাতে এসেই সকল প্রকার সেবা পেতে পারে।

০৯। সচিব বলেন এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিকে নিয়মিতভাবে অংশীজনের সভা অনুষ্ঠান করতে হবে এবং অংশীজনের বক্তব্য/সাজেশন শুনে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। অবৈধ সংযোগ বিষয়ে কোন তথ্য থাকলে জ্ঞালানি ও খনিজ সম্পদ বিভাগের কর্মকর্তাদের জানানোর জন্য অংশীজনদের অনুরোধ করেন। তাছাড়া, সভায় গৃহীত সাজেশন, সুপারিশ, সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

Mader

১০। বিষ্টারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা ও কোম্পানিসমূহ অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে গণশুনানীর আয়োজনের কার্যক্রম চলমান রাখতে হবে।	আওতাধীন দপ্তর/সংস্থা ও কোম্পানিসমূহ
২।	সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত যেসকল লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে তা নির্ধারিত সময়ে অর্জনের জন্য সকলকে সচেষ্ট থাকতে হবে।	এ বিভাগসহ আওতাধীন দপ্তর/সংস্থা ও কোম্পানিসমূহ
৩।	নাগরিক সেবা বৃদ্ধি ও সহজতর করার লক্ষ্যে অংশীজনের সভায় প্রাপ্ত সাজেশন/সুপারিশ বিষয়ে সংশ্লিষ্ট সংস্থাসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	এ বিভাগসহ আওতাধীন দপ্তর/সংস্থা ও কোম্পানিসমূহ
৪।	সেবা প্রত্যাশী মানুষের দুর্নীতি ও অন্যান্য অনিয়ম সম্পর্কিত অভিযোগ প্রতিকার ও প্রতিরোধের বিষয়ে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং কোম্পানীর গৃহীত কার্যক্রম/প্রতিবন্ধকতা সম্পর্কে এ বিভাগকে অবহিত করতে হবে।	এ বিভাগসহ আওতাধীন দপ্তর/সংস্থা ও কোম্পানিসমূহ

১১। পরিশেষে, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে অর্পিত দায়িত্ব পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Moudud  
২৬/৩/২০২৩

(ড. মোঃ খায়েরুজ্জামান মজুমদার)

সচিব

জালানি ও খনিজ সম্পদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
প্রশাসন-৩ অধিশাখা  
[www.emrd.gov.bd](http://www.emrd.gov.bd)

নং-২৮.০০.০০০০.০১৩.৯৮.০১৬.২২- ৮১০

তারিখ: ১৬ চৈত্র, ১৪২৯  
৩০ মার্চ, ২০২৩

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

*M. M. Islam*  
৩৮/০৩/২০২১  
(এ কে এম মিজানুর রহমান)  
উপসচিব  
ফোন: ২২৩৩৮৯০৫৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
- ০২) চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন।
- ০৩) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিউট।
- ০৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱৰো।
- ০৫) অতিরিক্ত সচিব (সকল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ০৬) যুগ্ম-সচিব (সকল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ০৭) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৮) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
- ০৯) প্রধান বিষ্ফোরক পরিদর্শক, বিষ্ফোরক পরিদপ্তর।
- ১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১১) সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলিটরী কমিশন, কাওরান বাজার, ঢাকা।
- ১২) উপসচিব (প্রশাসন-১/বাজেট) অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ।
- ১৪) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
- ১৫) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিসন কোম্পানী লিমিটেড।
- ১৬) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড।
- ১৭) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
- ১৮) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।
- ১৯) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।
- ২০) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড।
- ২১) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড।
- ২২) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড।
- ২৩) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুরুয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড।
- ২৪) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড।
- ২৫) ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড।
- ২৬) ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড।

- ২৭) ম্যানেজিং ডাইরেক্টর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।
- ২৮) ম্যানেজিং ডাইরেক্টর, ইন্টার্ন রিফাইনারী লিমিটেড।
- ২৯) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, এলপি গ্যাস লিমিটেড।
- ৩০) জনাব মোঃ গোলাম মোস্তফা, পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।
- ৩১) উইলিয়াম প্রলয় সমন্দার, পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড।
- ৩২) জনাব সজিব আহমেদ, সিনিয়র রিপোর্টার, কালের কঠ।
- ৩৩) জনাব রেজাউল করিম বাইরন, সিনিয়র রিপোর্টার, ডেইলী স্টার।
- ৩৪) জনাব ফয়েজ আহমেদ খান তুষার, স্টাফ রিপোর্টার, দৈনিক সংবাদ।
- ৩৫) জনাব মাহফুজ মিশু, বিশেষ প্রতিনিধি, যমুনা টিভি।
- ৩৬) জনাব দেবাশীষ রায়, স্টাফ রিপোর্টার, সময় টিভি।
- ৩৭) প্রোগ্রামার, জালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৩৮) জনাব প্রণয় কুমার মন্তল, যাত্রাবাড়ী ঢাকা।
- ৩৯) জনাব মোঃ আফসার উদ্দিন, রামপুরা, ঢাকা।
- ৪০) অফিস কপি।